



Dhaka Chamber of Commerce Delegation

27th May 2022

MEDIA DOSSIER:

Print Media: The Times of India, Bartaman

THE TIMES OF INDIA



Bangla biz team visits BCC&I

Kolkata: A 49-member business delegation of the Dhaka Chamber of Commerce and Industry visited The Bengal Chamber of Commerce and Industry on Friday for a B2B (business to business) meeting.

The Bangladesh delegation had representatives from various industrial sectors such as infrastructure, leather goods, plastic, agro & food processing, power & energy, real estate, electronics, IT & telecom.

Welcoming the delegates to India, Subir Chakraborty, president designate, BCC&I, said, "We would be delighted to explore collaborations with the Dhaka Chamber on programmes and initiatives of mutual interests which will facilitate our members and stakeholders. At all levels, be it diplomatic, business or people, West Bengal plays a major role." TNN



ভারত-বাংলাদেশ পারস্পরিক বাণিজ্য আরও বৃদ্ধির সম্ভাবনা

নিজস্ব প্রতিনিধি, কলকাতা: দেশীয় চাহিদা পূরণের স্বার্থে গম রপ্তানি আপাতত বন্ধ করেছে ভারত সরকার। যেহেতু ভারত থেকে গম আমদানি করে বাংলাদেশ, তাই তারা ভবিষ্যতে কিছুটা সমস্যায় পড়তে পারে বলে মনে করছেন সে-দেশের ব্যবসায়ীরা। পাশাপাশি চাল-গম পাঠানোর জন্য যথেষ্ট পরিমাণ রেকের যেমন অভাব আছে, তেমনই বার্ত বা পণ্যবাহী জাহাজের সংখ্যাও কম। আমদানি-রপ্তানির ক্ষেত্রে এটাও এক সমস্যা। বৃহস্পতিবার বণিকসভা আইসিসি আয়োজিত এক অনুষ্ঠানে এমনটাই জানালেন ঢাকা চেম্বার অব কমার্সের প্রতিনিধিরা। ঢাকার প্রতিনিধিদের কথায়, এমন বহু পণ্য আছে, যেগুলি বাংলাদেশে উৎপাদিত হয় এবং তার গুণমানের শংসাপত্র দেয় সে-দেশের সরকার। কিন্তু ভারত অনেক ক্ষেত্রেই সেই শংসাপত্র গ্রহণ করে না। তাতে দু'দেশের পারস্পরিক বাণিজ্যে সমস্যার সৃষ্টি হয় বলে অভিযোগ করেন প্রতিনিধিরা। তাঁরা বলেন, ভারতে আমদানিতে রাশ টানতে যে 'অ্যান্টি ডাম্পিং ডিউটি' আরোপ করা হয়, তাতেও কিছু শিথিলতার প্রয়োজন। এদিন ঢাকা চেম্বার অব কমার্সের প্রেসিডেন্ট রিজওয়ান উর রহমান বলেন, দু'দেশের পারস্পরিক বাণিজ্যের অঙ্ক ৯৯০ কোটি মার্কিন ডলার। কিন্তু বিশ্ব ব্যাঙ্কের হিসেব বলছে, তা বেড়ে ১,৬৪০ বিলিয়ন মার্কিন ডলার হতে পারত। দু'দেশের তরফে আমাদের সেই লক্ষ্যই এগিয়ে যেতে হবে। অন্যদিকে, আজ শুক্রবার বেঙ্গল চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিতে এরাঙ্গোর শিল্প প্রতিনিধিদের সঙ্গে ব্যবসায়িক আলোচনায় বসবে বাংলাদেশের প্রায় ৫০ জনের প্রতিনিধি দল। সেখানে বিশেষভাবে গুরুত্ব পাবে পর্যটন, চর্ম শিল্প, গাড়ি শিল্প, খাদ্য ও খাদ্য প্রক্রিয়াকরণের মতো বিষয়গুলি।